95294 - কোম্পানী তার বেতন দিতে দেরী করছে এমতাবস্থায় সে কী করবে?

প্রশ্ন

আমি এক কোম্পানীতে চাকুরী করি। কোম্পানী আমার দুই মাসের তথা সেপ্টেম্বের ও অক্টোবর মাসের বেতন দিচ্ছে না। আমি কোম্পানীর মালিকের সাথে যোগাযোগ করলে তিনি বলেন: যদি চোবিক্রি ও কাজ থাকে তাহলে তোমার বেতন দিব; যদি না থাকে তাহলে তুমি কিছু পাবে না? আমি বিবাহিত। আমার উপরে অনেক আর্থিক দায়িত্ব আছে, ঋণ আছে; যে ঋণের বোঝা আমার মেরুদণ্ড বাঁকা করে ফেলেছে।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

মালিকের উচিত কর্মচারীদের অধিকারের ব্যাপারে আল্লাহ্কে ভয় করা এবং তাদের বেতন কোনরূপ কমতি না করে ও বিলম্ব না করে পরিশোধ করা। এটাই তার মাঝে ও তাদের চুক্তির দাবী।

ইতিপূর্বে আমরা 60407 নং প্রশ্নোত্তরে কিছু কিছু কোম্পনীর মালিক কর্তৃক কর্মচারীদের বেতন পরিশোধে বিলম্ব করার জুলুমকে হারাম হিসেবে উল্লেখ করেছি।

আমরা এ দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, যদি বেতন না দেওয়াটা সত্যি সত্যি কোম্পানীর কাছে নগদ অর্থ না থাকার অপারগতাবশতঃ হয় তাহলে সেক্ষেত্রে কোম্পানীর ওজর গ্রহণযোগ্য। যেহেতু আল্লাহ্ তাআলা বলেন: "যদি সে (ঋণ গ্রহণকারী) দরিদ্র হয়, তবে স্বচ্ছলতা আসা পর্যন্ত অবকাশ দিবে। আর মাফ করে দেয়া তোমাদের পক্ষে অতি উত্তম; যদি তোমরা জানতে!"[সূরা বাক্বারা, আয়াত: ২৮০]

আর যদি কোম্পানী অবহেলা ও তালবাহানা করে তাহলে সেটা জুলুম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "ধনী লোকের তালবাহানা জুলুম"।[সহিহ বুখারী (২৪০০) ও সহিহ মুসলিম (১৫৬৪)]

আরবী مطل (তালবাহানা) শব্দের অর্থ: কোন ওজর ব্যতিরেকে আবশ্যকীয় অধিকার দিতে বিলম্ব করা।

এ হাদিসটি প্রমাণ করে যে, যদি ধনী লোক তালবাহানা করে তাহলে সেটা জুলুম ও হারাম। আর যদি গরীব হয় কিংবা পরিশোধে

অক্ষম হয় তাহলে সটো জুলুম নয়; কংিবা হারাম নয়।

[ইমাম নববীর 'শারহে মুসলমি']

দুই:

প্রয়ি প্রশ্নকারী ভাই, যদি কোম্পানীর মালকিগণ তালবাহানাকারী হয়; অক্ষম না হয় সক্ষেত্রে আপনার সামনে একাধকি সমাধান রয়ছে:

১. আপনি কোমল ভাষায় কোম্পানীর মালকিকে নসহিত করতে পারনে। আশা করি এতে আল্লাহ্ তার অন্তরকে কোমল করে দবিনে এবং হকদারদরে হক তাদরেকে ফরিয়িে দয়োর দশিা তাকে দান করবনে। যদি কোম্পানীর মালকি চায় না য, কর্মচারীগণ তার অধকিার নষ্ট করুক বা কাজে অবহলো করুক তাহলে তারও তো উচতি মানুষরে সাথে সে রকম আচরণ করা যে রকম আচরণ তারা পতেে পছন্দ কর। তার উচতি তাদরে উপর জুলুম না করা এবং তাদরে অধকিার প্রদানে অবহলো না করা।

২. আপনি এই জুলুমরে উপর ধর্যৈ ধরতে পারনে যতক্ষণ পর্যন্ত না আল্লাহ্ আপনার জন্য সহজ করে দনে এবং আপনি পরপিূর্ণভাবে আপনার অধকিার বুঝে নতিে পারনে।

৩. আপনার বষিয়টি শরয়িা কোর্টে উত্থাপন করতে পারনে কংিবা লবোর কোর্টে পশে করতে পারনে; যাতে করে আপনি আপনার অধকিার বুঝে নতিে পারনে।

৪. আপনি এ কোম্পানী থকেে ইস্তফা দয়িে অন্য কোন চাকুরী খুঁজতে পারনে।

৫. এ সবকছিুর আগে আপনি আল্লাহ্র কাছে দোয়া করুন এবং প্রার্থনা করুন আল্লাহ্ যনে আপনার জন্য সহজ করে দনে, আপনার মালকিকে হদোয়তে দনে এবং তার অন্তরকে নরম করে দনে।

আল্লাহ্ই তাওফকিদাতা।